ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৬৮৭
আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৬

## সপ্তম দিনে বইমেলায় ১১,৬৮,০০১ টাকার বই বিক্রি

আজ ৪৪তম আগরতলা বইমেলার অষ্টম দিন। গতকাল আগরতলা বইমেলার সপ্তম দিনে ১১,৬৮,০০১ টাকার বই বিক্রি হয়েছে। বইমেলার শুরুর দিন থেকে গত ৭ দিনে বিক্রি হয়েছে ৭৭,৬৭,৫০৭ টাকার বই।

অন্যান্য দিনের মতই আজও বইমেলার সাংস্কৃতিক অনুষ্ঠান, বই প্রকাশ, আলোচনার আয়োজন করা হয়। বইমেলার বিনায়ক দামোদর সাভারকার মঞ্চে ঊনকোটি জেলার শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। আজ দীপ্তমালিকা পাবলিকেশনের দুটি বই এবং তিনকাল প্রকাশনীর ১৫টি বই প্রকাশিত হয়েছে। আজ আয়োজিত আলোচনাচক্রে ‘শতবর্ষের আলোকে মহেশ্বেতা দেবী’ বিষয়ে আলোচনায় অংশ নেন ড. শিপ্রা দত্ত, ড. রাজীব ঘোষ এবং ড. আশিস কুমার বৈদ্য। ‘সংবাদমাধ্যমে আধুনিক প্রযুক্তি হিসেবে কৃত্তিম বুদ্ধিমত্তার প্রয়োগ’ প্রসঙ্গে আলোচনায় অংশ নেন দেবাশিস লোধ, অভিষেক দে এবং ভূপাল চক্রবর্তী।

******